গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০১.০০.০০.০০১.২০১০- তারিখঃ- ,০৯.১৪১৯বঙ্গাব্দ / ১৫.০৪.২০১৩ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ রফিকুল ইসলাম, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) (সাময়িক বরখাস্ত), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা (বর্তমানে সদর পটুয়াখালী) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান না হওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশিষ্ট কাগজপত্র পর্যালোচনায় ডাঃ মোঃ রফিকুল ইসলাম, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা (বর্তমানে সদর পটুয়াখালী) কে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করলেও তাঁর জবাব সন্তোষজনক প্রতীয়মান হয়নি;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ মোঃ রফিকুল ইসলাম, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা (বর্তমানে সদর পটুয়াখালী) কে আদেশ জারির তারিখ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মুহম্মদ হুমায়ুন কবির) ১৪/১/১৩
সিনিয়র সচিব

উপ-নিয়ন্ত্রক,
বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০১.০০.০০.০০১.২০১০-১১/১(১২) তারিখঃ-১৫-০১-২০১৩ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (আদেশটি সংশিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান কর্মস্থলে প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
৩। পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গাইবান্ধা/পটুয়াখালী।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭। প্রোগ্রামার,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর, পটুয়াখালী/গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৯। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা(বর্তমানে সদর পটুয়াখালী)।

১৫/০১/১৩
(হাছিনা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৭১৭২০২৮
Sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৪.২০১২- ৬৮ তারিখঃ ১৬.০১.২০১২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ সিলভিয়া সলিম (১২২২৯৩) সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোপালপুর, টাংগাইল (প্রাক্তন সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হরিপুর, ঠাকুরগাও)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৫.০৮.২০১১ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭২.২০১১-৯৩০নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে ''চাকুরি হতে বরখাস্ত'' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি ''চাকুরি হতে বরখাস্ত'' (Dismissal from Service) করা হবে না, তাঁর কারন এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ সিলভিয়া সলিম (১২২২৯৩)
সহকারী সার্জন
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গোপালপুর, টাংগাইল
(প্রাক্তন সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হরিপুর, ঠাকুরগাঁও)
(স্থায়ী ঠিকানা- বাসা-১১/২, রোড নং-১১, কল্যাণপুর, ঢাকা-১২০৭)

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৪.২০১২-৪৭১(৪) তারিখঃ ১৬.০১.২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হলোঃ

১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
৩। সিভিল সার্জন, টাংগাইল (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
৪। সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(মোঃ সাইদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০২৫২
sasdisc1@mohfw.gov.bd